গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত গত ০৩-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফলো-আপ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ আসাদুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

সভার তারিখ ঃ ০৩-০৮-২০১৭

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপনের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (সমন্বয়) আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গত ২৭-০৭-২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ উপস্থিত সকলকে অবহিত করেন। সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা ও দপ্তর-সংশ্লিষ্ট গৃহীত কর্মসূচী উপস্থিত সদস্যবৃন্দকে অবহিত করেন। জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের প্রস্তাবিত বিভিন্ন কর্মসূচি যথা-আলোচনা সভা, দোয়া মাহফিল, চিত্র প্রদর্শণী, রক্তদান কর্মসূচি ইত্যাদি নিয়ে আলোচনা হয়। এছাড়া জাতীয় কর্মসূচির সঙ্গে সংগতি রেখে কর্মসূচি গ্রহণের জন্য সভায় বলা হয়।

গৃহীত সিদ্ধান্ত

(১) ১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার ভবনসমূহে জাতীয় পতাকা ফ্ল্যাগ রুলস, ১৯৭২ অনুযায়ী অর্ধনমিত থাকবে।

(২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহ জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অনুষ্ঠান পালন করবে।

(৩) যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/ সংস্থাসমূহ নিম্নরূপ কর্মসূচি পালন করবে ঃ

মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা	কর্মসূচি	তারিখ ও সময়
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	ধানমন্ডি ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	১৫-০৮-২০১৭ সকাল ৬.৩০ ঘটিকা
	আলোচনা সভা ও দোয়া মাহফিল	১৬-০৮-২০১৭ বিকেল ৩.৩০ ঘটিকা
যুব উন্নয়ন অধিদপ্তর (ক) প্রধান কার্যালয়	আলোকচিত্র প্রদর্শনী	০৭-০৮-২০১৭ থেকে ৩১-০৮-২০১৭ পর্যন্ত
	কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিল	ফজরের নামাজের পর
	স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি	সকাল ১০.৫০ ঘটিকা
	স্থিরচিত্র ও ভিডিও চিত্র প্রদর্শন	সকাল ১১.০০ ঘটিকা
	'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভা	সকাল ১১.১০ ঘটিকা
	ঋণের চেক ও সনদপত্র বিতরণ	দুপুর ১২.০০ ঘটিকা
	দুস্থ ও এতিমদের খাদ্য বিতরণ	দুপুর ০১.০০ ঘটিকা
(খ) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র,সাভার,ঢাকা	পবিত্র কোরআন খতম	ফজরের নামাজের পর
	দোয়া মাহফিল	বাদ জোহর

চলমান পাতা/০২

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান	প্রশিক্ষণার্থীদের চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা।	সকাল ৯.৩০-১০.৩০ ঘটিকা
	বঙ্গবন্ধুর স্মরণে আলোচনা সভা।	বেলা ১১.০০-১২.০০ ঘটিকা
	প্রামাণ্য চিত্র প্রদর্শনী।	১২.০৫-০১.০০ ঘটিকা
	পবিত্র কোরআন খানী ও বিশেষ মোনাজাত।	বাদ জোহর
জাতীয় ক্রীড়া পরিষদ	জাতীয় ক্রীড়া পরিষদ কর্মচারী ইউনিয়ন কর্তৃক আলোচনা সভা ও দোয়া মাহফিল। (সভা কক্ষ, এনএসসি পুরাতন ভবন)	১৫-০৮-২০১৭ বেলা ২.০০ ঘটিকা
	পল্টন জামে মসজিদে পবিত্র কোরআন খতম ও দোয়া মাহফিল।	১৫-০৮-২০১৭ বাদ আসর
	জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক আলোচনা সভা ও দোয়া মাহফিল। (এনএসসি অডিটরিয়াম)	১৬-০৮-২০১৭ বেলা ১১.০০ ঘটিকা
ক্রীড়া পরিদপ্তর	আলোচনা সভা ও দোয়া মাহফিল।	১৫-০৮-২০১৭ সকাল ৯.০০ ঘটিকা
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	আলোচনা সভা ও দোয়া মাহফিল। (বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের কার্যালয়ে)	১৭-০৮-২০১৭ বিকাল ৩.০০ ঘটিকা

২। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী গঠনমূলক আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩-০৮-২০১৭
(মোঃ আসাদুল ইসলাম)
ভারপ্রাপ্ত সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

নং-৩৪.০০.০০০০.০৪৩.০১৬.০০৪.২০১০-৩১১

২২-০৪-১৪২৪ বঙ্গাব্দ
তারিখ ঃ-------------------
০৬-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত গত ০৩-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

৬/৮/১৭
(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৪৪২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। যুগ্ম-সচিব (প্রশাসন)/(সমন্বয়)/(যুব)/(যুব-২)/(ক্রীড়া)/(ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৭। উপ-সচিব(প্রশাসন)/(সমন্বয়)/(যুব)/(ক্রীড়া), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ।
৮। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ।
৯ পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.০১৬.০০৪.২০১০-৩১১ তারিখ ঃ ০৬-০৮-২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি কার্যার্থে ঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

৬/৮/১৭
(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব